ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩০৮

আগরতলা,১৮ অক্টোবর,২০২৫

**দীপাবলি উৎসব উপলক্ষ্যে**
**মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন- 'আলোর উৎসব দীপাবলি আমাদের চিরন্তন ঐতিহ্যের প্রতীক। দীপাবলির পবিত্র আলোকশিখা জীবনের সমস্ত যন্ত্রণাকে দূর করে নব আলোকে উদ্ভাসিত করুক এটাই আমাদের প্রার্থনা।

আত্ম-নির্ভরতায় এবং উন্নয়নের জয়যাত্রায় আমরা এগিয়ে যেতে চাই। আলোর উৎসব আমাদেরকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে চলুক। দীপাবলির আলোকশিখা ঘরে ঘরে প্রজ্জ্বলিত হোক সুখ সমৃদ্ধির কামনায়।

মাতা ত্রিপুরাসুন্দরী মায়ের আশীর্বাদে রাজ্যবাসী যাতে আনন্দ ও সুস্থতায় একসাথে মিলে মিশে থাকতে পারি এটাই হোক আমাদের সকলের প্রার্থনা'।

*****